তারিখ ...... 8 MAR 2003
পৃষ্ঠা ... ৫ কলাম ... ৪

দৈনিক ইনকিলাব

# প্রাথমিক শিক্ষক সমিতি বিভক্ত ☐ আন্দোলনের পৃথক রূপরেখা ঘোষণা

স্টাফ রিপোর্টার ঃ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্ব অনেকটা দ্বিধাবিভক্ত হয়ে শিক্ষকদের দাবী আদায়ে পৃথক পৃথক আন্দোলনের রূপরেখা ঘোষণা করেছে। সমিতির সভাপতি সামছুল আলম গতকাল রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলনের মাধ্যমে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেছেন। ঘোষিত কর্মসূচী অনুযায়ী আগামী ৩১ মার্চ বেলা ১১টায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা ও সচিব বরাবর স্মারকলিপি পেশ। ২০ এপ্রিল সকাল ১১টায় মুক্তাঙ্গনে সমাবেশ এবং ১২টায় পদযাত্রার মাধ্যমে গিয়ে প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি পেশ এবং বেলা ৩টায় সাংবাদিক সম্মেলনের মাধ্যমে আন্দোলনের কর্মসূচী ঘোষণার কথা বলা হয়েছে।

অপরদিকে সমিতির মহাসচিব আলহাজ্ব আব্বাস আলী শেখ এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেছেন, সরকার ক্ষমতায় আসার প্রায় দুই বছর অতিক্রান্ত হওয়ার পরও বেসরকারী প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণের ঘোষণা না দেয়ায় গতকাল কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৫ মার্চের মধ্যে এ বিষয়ে সুস্পষ্ট ঘোষণা দেয়ার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানানো হয়। অন্যথায় ঐ দিন সকাল ১১টায় ৯৯, নবাবপুরস্থ সমিতির কার্যালয়ে কেন্দ্রীয় পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী চূড়ান্ত আন্দোলনের কর্মসূচী ঘোষণা দেয়ার কথা বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। সমিতির সভাপতি সামছুল আলম সাংবাদিক সম্মেলনে সমিতির কার্যালয় ৯৯, নবাবপুরের পরিবর্তে ২৩/২, তোপখানা রোডের কথা উল্লেখ করেছেন।